

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২

৫. কিতাবুল ঈমান (كَتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ সা'ঈদ বিন মুসায়্যিব রহিমাহুল্লাহর হাদীসে বর্ণিত সংখ্যা দ্বারা অন্য সংখ্যাকে নাকচ করা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উদ্দেশ্য নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْعَدَدَ الْمَذْكُورَ فِي خَبَرِ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ لَمْ يُرِدْ بِهِ النَّفْيَ عَمَّا وَرَاءَهُ

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم قال: "حَقُّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتُّ" قَالُوا: مَا هُنَّ يَا رَسُولَ اللَّهِ قَالَ: "إِذَا لَقِيَهُ سَلَّمَ عَلَيْهِ وَإِذَا دَعَاهُ أَجَابَهُ وَإِذَا اسْتَنْصَحَ نَصَحَهُ وَإِذَا عَطَسَ فَحَمِدَ اللَّهَ يُشَمِّتُهُ وَإِذَا مرض عاده وإذا مات صحبه".

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 242 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৪২. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "এক মুসলিমের উপর আরেক মুসলিমের ছয়টি হক রয়েছে। তা হলো: তার সাথে দেখা হলে, সালাম দিবে, দা'ওয়াত দিলে কবুল করবে, উপদেশ চাইলে উপদেশ দিবে, যখন সে হাঁচি দেয় এবং 'আলহামদু লিল্লাহ' বলে, তখন তার জবাবে ইয়ারহামুকাল্লাহ (আল্লাহ তোমার প্রতি রহম করুন।) বলবে, যখন সে অসুস্থ হয়, তখন তাকে দেখতে যাবে, আর মারা গেলে তার জানাযায় অংশ গ্রহণ করবে।"[1]

ফুটনোট

[1] ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৯৯১; মুসনাদ আহমাদ: ২/৩৭২; সহীহ মুসলিম: ২১৬২; বাইহাকী, আস সুনান: ৫/৩৪৭; বাগাবী, শারহুস সুনাহ: ১৪০৫; তিরমিযী: ২৭৩৭; নাসাঈ: ৪/৫৩; সহীহ আল বুখারী: ১২৩৯; তাহাবী, মুশকিলুল আসার: ১/২২৩।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮৩২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন